

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০৪৭.২২-১৭১৭

তারিখ: ২৪/১০/২০২৪ খ্রি।

বিষয়ঃ শহর এগ্রো কর্পোরেশন-কে পশ্চিম আফ্রিকা থেকে ২০০ কেজি মহিষের শিং আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ শহর এগ্রো কর্পোরেশন, বাটারাকান্দি, ইটাভাড়া, কেরানীগঞ্জ মডেল থানা, ঢাকা এর ১৮/১০/২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৩ (৩৩), ও পশু ও পশুজাত পল্যের সংগনিরোধ আইন-২০০৫ অনুসরণ পূর্বক নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে পশ্চিম আফ্রিকার বুরকিনা ফাসো থেকে ২০০ কেজি মহিষের শিং আমদানি করার জন্য শহর এগ্রো কর্পোরেশন-কে অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- ০১। WOA Guideline এবং বাংলাদেশ Animal Disease Act-2005 & Animal Disease Rule-2008 অনুযায়ী আমদানীতব্য মহিষের শিং Bacillus anthracis (Anthrax), Mycobacterium spp. (Tuberculosis), FMD virus, E. Coli, Salmonella spp., Bovine Spongiform Encephalopathy (BSE) সহ অন্যান্য সকল রোগ মুক্ত মর্মে রপ্তানিকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত Veterinary Health Certificate আমদানিকালীন সময়ে কোয়ারেন্টাইন স্টেশনে দাখিল করতে হবে।
- ০২। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।
- ০৪। আমদানিকৃত মহিষের শিং আমদানির পর তা কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করতে হবে।
- ০৫। আমদানিকৃত মহিষের শিং হতে উৎপাদিত পণ্য শুধুমাত্র রপ্তানিকার্যে ব্যবহার করা যাবে, কোনো ভাবেই আমদানিকারক দেশে ব্যবহার করা যাবে না।
- ০৬। আমদানীতব্য মহিষের শিং দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা-কে অবহিত করতে হবে (মোবাইল নম্বরঃ ০১৩২৪২৮৮৮৮)।
- ০৭। সরকারের বিদ্যমান আইনের ব্যত্যয় ঘটলে আমদানির অনুমতি পত্র বাতিল বলে গণ্য হবে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৮। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৯। এ ছাড়পত্রের মেয়াদ ইস্যুর তারিখ থেকে পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।



শহর এগ্রো কর্পোরেশন

বাটারাকান্দি, ইটাভাড়া, কেরানীগঞ্জ মডেল থানা, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:

- ১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৩। আইসিটি কর্মকর্তা, আইসিটি শাখা (ডিএলএস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিসার-ইন-চার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। অফিস কপি।

২৪/১০/২০২৪

(ডাঃ সাখাওয়াত হোসেন)

উপপরিচালক (মানব সম্পদ উন্নয়ন)

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

ই-মেইলঃ ddhrd.dls@gmail.com

ফোনঃ- +৮৮-০২ ২২৩৩১৪২৮৬

২৪/১০/২০২৪